

## যঙ্গিফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭২৫

১/ বিবিধ

আরবী

إِذَا آخِيْتْ رَجُلًا فَسْلَهُ عَنْ اسْمِهِ وَاسْمِ أَبِيهِ، فَإِنْ كَانَ غَائِبًا حَفْظَتْهُ وَإِنْ كَانَ مَرِيضًا  
عَدْتَهُ، وَإِنْ مَاتَ شَهَدَتْهُ  
ضَعِيفٌ جَدًا

قال في "الجامع": رواه البيهقي في "الشعب" عن ابن عمر ورمز لضعفه، وبين السبب في ذلك شارحه المناوي، فقال: "قال مخرجه البيهقي: تفرد به مسلمة بن علي بن عبيد الله، وليس بالقوى. انتهى، ومسلمة أورده الذهبي رحمه الله في "الضعفاء والمتروكين"، وقال: قال الدارقطني وغيره: "متروك  
قلت: ومنه تعلم تساهله في "التيسير" بقوله: "وفي إسناده ضعف قليل"! وقال الترمذى: "ولا يصح إسناده". كما يأتي في الحديث الذي بعده. وقد أخرجه تمام في "الفوائد" (12 / 215 / 2) عن مسلمة بن علي عن عبيد الله بن عمر عن نافع عن ابن عمر قال: "رأني النبي صلى الله عليه وسلم وأنا أتلقت، فقال لي: مالك يا عبد الله؟ قلت: يا رسول الله! رجل أحببته، فأنا أطلبها، فقال رسول الله صلى الله عليه وسلم: ذكره

বাংলা

১৭২৫। তুমি যখন কোন ব্যক্তিকে ভাই হিসেবে গ্রহণ করবে তখন তাকে তার এবং তার পিতার নাম সম্পর্কে জিজেস কর। কারণ সে যদি অনুপস্থিত (মুসাফির) হয় তাহলে তাকে (তার পরিবার ও সম্পদকে) যেন তুমি হেফায়াত করতে পার, সে যদি অসুস্থ হয় তাহলে তাকে দেখতে যেতে পার আর সে যদি মারা যায় তাহলে তার

(জানায়ায়) উপস্থিত হতে পার।

হাদীসটি খুবই দুর্বল।

সুযুতী "আলজামে" গ্রন্থে বলেনঃ হাদিসটি বাইহাকী "আশগুয়াব" গ্রন্থে আবুল্জাহ ইবনু উমার (রাঃ) হতে বর্ণনা করেছেন এবং তিনি (সুযুতী) দুর্বল হওয়ার চিহ্ন ব্যবহার করেছেন। আর তার ভাষ্যকার মানবী এর কারণ বর্ণনা করতে গিয়ে বলেছেনঃ বাইহাকী বলেনঃ হাদীসটিকে মাসলামাহ ইবনু আলী ইবনু ওবাইদুল্লাহ এককভাবে বর্ণনা করেছেন আর তিনি শক্তিশালী নন। এ মাসলামাকে হাফিয যাহাবী "আয-যু'যাফা অলমাতরাকীন" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ দারাকুতনী প্রমুখ বলেনঃ তিনি মাতরাক।

আমি (আলবানী) বলছিঃ এ থেকেই জানা যায় যে, "আততাইসীর" গ্রন্থে মানবী তার 'এর সনদে অল্প দুর্বলতা রয়েছে'। এ কথার দ্বারা শিথিলতা প্রদর্শন করেছেন। আর তিরমিয়ী বলেছেনঃ এর সনদটি সহীহ নয়। যেমনটি এর পরের হাদীসের মধ্যে আসবে।

এটিকেও তাস্মাম "আলফাওয়াইদ" গ্রন্থে (১২/২১৫/২) মাসলামা ইবনু আলী হতে, তিনি ওবাইদুল্লাহ ইবনু উমার হতে, তিনি নাফে' হতে, তিনি আবুল্জাহ ইবনু উমার (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এমতাবস্থায় দেখলেন যে, আমি এদিক ওদিক তাকাচ্ছি। তিনি আমাকে বললেনঃ হে আবুল্জাহ! তোমার কি হয়েছে? আমি বললামঃ ইয়া রসূলুল্লাহ! এক ব্যক্তিকে আমি ভালবাসি, আমি তাকে অনুসন্ধান করছি। তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ কথা বলেনঃ ...।

হাদিসের মান: যঙ্গিফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72608>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন